DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 22 Nov 2026, 06:29 PM

সারাদেশ

রাজধানীর দুই এলাকায় ককটেল বিস্ফোরণ, মহাখালীতে বাসে আগুন

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ০৮ নভেম্বর ২০২৬, ০৮:০৬ AM



রাজধানীর মহাখালী বাস টার্মিনালে পার্কিং করে রাখা একটি বাসে আগুন জ্বলছে | ছবি: সংগৃহীত

রাজধানীর যাত্রাবাড়ী ও বনানী এলাকায় পৃথক ঘটনায় তিনটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এ ছাড়া মহাখালী বাস টার্মিনালে দাঁড়িয়ে থাকা একটি বাসে আগুন লেগে সেটি পুড়ে গেছে। এসব ঘটনায় এখন পর্যন্ত হতাহতের কোনো খবর পাওয়া যায়নি।

পুলিশ সূত্রে জানা গেছে, শনিবার দিবাগত রাত ১টা ১০ মিনিটের দিকে যাত্রাবাড়ী থানার সামনে দুটি ককটেলের বিস্ফোরণ ঘটায় দুর্বৃত্তরা।

যাত্রাবাড়ী থানার উপপরিদর্শক (এসআই) সালাউদ্দিন বলেন, থানার সামনে দুটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। কারা এ ঘটনার সঙ্গে জড়িত, তা খতিয়ে দেখা হচ্ছে।

অন্যদিকে বনানী থানা সূত্র জানায়, একই রাতে সেতু ভবনের কাছে আরও একটি ককটেলের বিস্ফোরণ ঘটে। তবে এ ঘটনায় জড়িত

ব্যক্তিদের তাৎক্ষণিকভাবে শনাক্ত করা যায়নি।

এদিকে রাত একটার পর মহাখালী বাস টার্মিনালের পেছনের অংশে পার্কিং করে রাখা সোহাগ পরিবহনের একটি বাসে আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

তেজগাঁও শিল্পাঞ্চল থানার উপপরিদর্শক (এসআই) আব্দুল হামিদ বলেন, আগুনে বাসটি সম্পূর্ণ পুড়ে গেছে। কী কারণে বাসটিতে আগুন লেগেছে, তা জানার চেষ্টা চলছে।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়ায় ট্রাকের চাপায় অটোরিকশার যাত্রী নিহত

ব্রাহ্মণবাড়িয়ার কুমিল্লা-সিলেট মহাসড়কে ট্রাকের ধাক্কায় অটোরিকশা থেকে ছিটকে পড়ে প্রাণ হারিয়েছেন মো. আরাফাত মোল্লা (১৯) নামের এক যুবক। ট্রাকের...



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ

টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস

ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/rajdhanir-dui-elakay-kktel-bisforn-mhakhalite-base-agun